

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.nanl.gov.bd

পত্রটি ই-নথিতে প্রেরণ  
করা হয়েছে।

স্মারক নং-৪৩.২৫.০০০০.০১৫.২৫.০০১.১৮.৮


তারিখ: ১০ শ্রাবণ/১৪২৫  
২৫ জুলাই/২০১৮

**বিষয়: জাতীয় আরকাইভস কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরের আওতায় আয়োজিত “এ্যাডভান্স আরকাইভাল রেকর্ড ম্যানেজমেন্ট বেসিক কোর্স” ১ম পর্যায় ০৩-১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত (১০দিন ব্যাপী) প্রশিক্ষণ প্রোগ্রামে প্রতিনিধি মনোনয়ন প্রদান।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সরকারি অফিসসমূহের রেকর্ডরুমে নথির প্রকৃত শ্রেণিকরণ ও সংরক্ষণ করার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে এবং ২৫ বৎসরের পুরাতন রেকর্ড জাতীয় আরকাইভসে প্রেরণের নির্দেশ প্রদান করা হয়েছে। জাতীয় আরকাইভস উপদেষ্টা পরিষদের ৪৯তম সভার সিদ্ধান্তেও এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজনের সুপারিশ করা হয়েছে। নথিসৃষ্টিকারী কর্মকর্তাদের রেকর্ড সম্পর্কে সঠিক ধারণা না থাকায় যথাযথ পদ্ধতিতে নথির শ্রেণিকরণ ও সংরক্ষণ করতে পারছে না। ফলে ‘এ’ ও ‘বি’ শ্রেণির প্রকৃত রেকর্ড জাতীয় আরকাইভসে প্রেরণ করা হচ্ছে না। জাতীয় আরকাইভসের গুরুত্বপূর্ণ কার্যাবলীর অংশ হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তাদের নথি ব্যবস্থাপনা (পেশাগত কর্মদক্ষতা, উন্নয়ন, সচেতনতা বৃদ্ধি, সংরক্ষিত নথির শ্রেণিকরণ, অটোমেশন ও ডিজিটাল সেবা প্রদান) বিষয়ে ১০ দিনের “এ্যাডভান্স আরকাইভাল রেকর্ড ম্যানেজমেন্ট বেসিক কোর্স” (অনাবাসিক) আগামী ০৩-১৩ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ পর্যন্ত জাতীয় আরকাইভস ভবন, আগারগাঁও এ আয়োজন করা হয়েছে।

২। এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয়ে কর্মরত প্রশাসনিক কর্মকর্তাদের মধ্য হতে একজনকে উক্ত কোর্সে মনোনয়নের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আগামী ১২/০৮/২০১৮ তারিখের মধ্যে উক্ত প্রশিক্ষণে প্রতিনিধি মনোনয়ন নিম্নবর্ণিত ‘ছক’ অনুযায়ী ই-নথি/ই-মেইল (dg@nanl.gov.bd অথবা nanldirector@gmail.com)/ পত্রের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রশিক্ষার্থীর নাম, পদবী ও মন্ত্রণালয়ের নাম	ফোন ও মোবাইল নম্বর	ইমেইল

  
(দিলীপ কুমার সাহা)  
মহাপরিচালক  
ফোন: ৯১৩৫৭০৯  
ইমেইল: dg@nanl.gov.bd

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। সংশ্লিষ্ট নথি।